বিজিএ/কাস/২০২৩/ ১৬

১৯ জানুয়ারী, ২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহের REX এর আওতায় রপ্তানিকৃত সমুদয় কনসাইনমেন্ট এর সার্ভিস চার্জসহ সংশ্লিষ্ট ডকুমেন্টস EPB Export Tracker এ সাবমিট প্রসঙ্গে।**

**সূত্র ঃ** ২৬.০২.০০০০.০৫২.৪৭.৩৬৯.১৮/৩৯(১), তারিখঃ ১০/০১/২০২৩ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) কর্তৃক নিবন্ধন নবায়ন, REX ভেরিফিকেশন ও অন্যান্য প্রশাসনিক সহায়তা প্রদান সংক্রান্ত জটিলতা পরিহার করার লক্ষ্যে REX নাম্বার প্রাপ্তির পর থেকে বর্তমান পর্যন্ত সমুদয় কনসাইনমেন্টের জন্য সাবমিট ও সার্ভিস চার্জ টাকা ২৫০/- (দুইশত পঞ্চাশ) হারে ৩১ ডিসেম্বর, ২০২২ মধ্যে পরিশোধ করার শর্ত প্রদান করা হয়। যে সকল প্রতিষ্ঠান উক্ত সময়ের মধ্যে অর্থ এবং ডকুমেন্ট সাবমিট করেনি তাদেরকে সমুদয় অর্থ এবং ডকুমেন্ট Export Tracker এ দ্রুততম সময়ের মধ্যে সাবমিট করার জন্য ইপিবি সূত্রোক্ত বিজ্ঞপ্তি জারী করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে ইপিবি কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

১৯/০১/২০২৩

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব



BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

CamScanner

# রপ্তানি উন্নয়ন ব্যুরো

## বস্ত্র বিভাগ

টিসিবি ভবন, ১, কাওরান বাজার
ঢাকা-১২১৫।
www.epb.gov.bd


Export Promotion Bureau
Bangladesh

নথি নং -২৬.০২.০০০০.০৫২.৪৭.৩৬৯.১৮/৩৯(১)

তারিখঃ ২৬ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

## জরুরী বিজ্ঞপ্তি

**বিষয়ঃ** তৈরী পোষাক রপ্তানিকারক প্রতিষ্ঠান সমুহের **REX**-এর আওতায় রপ্তানিকৃত সমুদয় কনসাইনমেন্ট-এর সার্ভিস চার্জসহ সংশ্লিষ্ট ডকুমেন্টস EPB Export Tracker এ সাবমিট প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, যে সকল রপ্তানিকারক প্রতিষ্ঠান আবেদনের মাধ্যমে এবং ইপিবি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে REX সংশ্লিষ্ট দেশে রপ্তানিকৃত সমুদয় কনসাইনমেন্টের কমপক্ষে ৫০% সার্ভিস চার্জ প্রদান করে ইপিবির নিবন্ধন নবায়ন ও অন্যান্য প্রশাসনিক সেবা গ্রহণ করছেন ঐ সকল প্রতিষ্ঠানসমুহকে ধন্যবাদ জ্ঞাপন করা হচ্ছে। উল্লেখ্য, REX নাম্বার প্রাপ্ত প্রতিষ্ঠানসমুহকে প্রেরিত পত্রে গত ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে Export Tracker এ সমুদয় ডকুমেন্ট (REX নাম্বার প্রাপ্তির পর থেকে বর্তমান পর্যন্ত) Submit ও সার্ভিস চার্জ (টাঃ ২৫০/= হারে) পরিশোধ করার শর্ত প্রদান করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, উল্লেখযোগ্য সংখ্যক প্রতিষ্ঠানের সমুদয় অর্থ এবং ডকুমেন্ট Export Tracker এ ৩১ ডিসেম্বর ২০২২ ডিসেম্বরের মধ্যে Submit করা হয়নি।

০২। এমতাবস্থায় REX নাম্বার প্রাপ্ত সকল তৈরী পোশাক রপ্তানিকারী প্রতিষ্ঠানকে দ্রুততম সময়ের মধ্যে Export Tracker এ সমুদয় কনসাইনমেন্টের ডকুমেন্ট (REX নাম্বার প্রাপ্তির পর থেকে বর্তমান পর্যন্ত) Submit ও সার্ভিস চার্জ (টাঃ ২৫০/= হারে) পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো।

০৩। REX নাম্বার প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ উপর্যুক্ত নির্দেশনা প্রতিপালন না করলে নিবন্ধন নবায়ন, REX ভেরিফিকেশন ও অন্যান্য প্রশাসনিক সহায়তা প্রদান সংক্রান্ত জটিলতার সম্মুখীন হলে তার দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।

বিষয়টি আপনার সমিতির আওতাভুক্ত সদস্য প্রতিষ্ঠানসমুহকে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০.০১.২০২৩
(মাহমুদুল হাসান)
পরিচালক (বস্ত্র)

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

০১. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ#৭/৭এ, ব্লক# এইচ ১, সেক্টর# ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
০২. সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।
০৩. সভাপতি, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার (৪র্থ তলা), ৮৭, পুরানো পল্টন লেন, ঢাকা।
০৪. সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার (৩য় তলা), ৮৭, পুরানো পল্টন লেন, ঢাকা।
০৫. সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।

(আপনার সমিতির সদস্যদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।)

০৬. পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো (চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়), ১১০২/এ, মোস্তফা সেন্টার (৪র্থ তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
০৭. উপ-পরিচালক (অর্থ), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
০৮. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তিটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো (কুমিল্লা শাখা কার্যালয়), হোল্ডিং নং-৮৪৫ (৩য় তলা) বিসিক গেইট, রাণীর বাজার, কুমিল্লা।
১০. গবেষণা কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো (নারায়নগঞ্জ শাখা কার্যালয়), সাত্তার টাওয়ার (৫ম তলা), এসএম মালেহ রোড, টানবাজার, নারায়নগঞ্জ।
১১ নির্বাহী সহকারী, ভাইস-চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. পিএ টু মহাপরিচালক (বস্ত্র), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক (বস্ত্র) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

D:\REX Note\Payslip Notice.doc

BGMEA
Secretary General
Accounts
Admin/HR
Arbitration
C & M
CMC
Communication
Customs
Fair
Fire
Fire & Safety
Gas & Electricity
Health
Insurance
Labour
Signature
Dispatch No
Date